

## Model Activity Task 2022 February

### Class 5| Poribesh | Part-2

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২| ফেব্রুয়ারী

পঞ্চম শ্রেণী | পরিবেশ | পার্ট -২ |

পূর্ণমান -১৫

১ ঠিক উত্তরটি নির্বাচন কর

১.১ মাটির একটি স্বাভাবিক উপাদান হল-

(ক) প্লাস্টিকের কুচি (খ) অ্যালুমিনিয়ামের টুকরো

(গ) কাগজের কুচি (ঘ) ঘাসের টুকরো

১.২ নীচের যেটির জল ধরে রাখার ক্ষমতা সবচেয়ে বেশী সেটি হল-

(ক) ঐঁটেল মাটি (খ) বেলে মাটি

(গ) দোয়াশ মাটি (ঘ) ইটের টুকরো

১.৩ নীচের যেটির সাহায্যে মাটির নমুনাকে পরীক্ষা করা যায় সেটি হল

(ক) আয়না (খ) স্টেথোস্কোপ

(গ) আতস কাচ (ঘ) দূরবীন

২ একটি বাক্যে উত্তর দাও:

২.১ একটি রাসায়নিক পদার্থের নাম লেখো যা জল শোধনে ব্যবহার করা হয়।

উঃ জল পরিশোধন করতে পটাশিয়াম পারম্যাঙ্গানেট ব্যবহার করা হয়।

২.২ তোমার চেনা একটি রাসায়নিক বিক্রিয়ার নাম লেখো

উঃ আমার চেনা একটি রাসায়নিক বিক্রিয়া হল দুধে লেবুর রস মেশালে দুধ কেটে ছানা হয়ে যায়।

২.৩ বৃষ্টির জল ধরে রেখে সেই দিয়ে করা যায় এমন একটি কাজের নাম লেখো

উঃ বৃষ্টির জল ধরে রেখে তা দিয়ে আমরা গাছে জল দিতে পারি।

৩ একটি বা দুটি বাক্যে উত্তর দাও

৩.১ প্লাস্টিকের টুকরো মাটির কীভাবে ক্ষতি করে?

উঃ প্লাস্টিকের টুকরো কয়েকশো বছরেও ভাঙ্গে না। ওগুলি মাটিকে আলো হাওয়া পেতে দেয় না, গাছের শিকড়কে মাটির ভেতরে প্রবেশে বাধা দেয়। ফলে মাটি অনুর্বর হয়ে পড়ে।

### ৩.২ কি কি উপায়ে মাটির উর্বরতা বাড়ানো যায়?

উঃ মাটির উর্বরতা বাড়ানোর উপায়গুলি হল-

(i) মাটিতে নাইট্রোজেন, ফসফেট, কস্পাস্ট ও জৈব সার মেশাতে হবে।

(ii) মাটির সজীব উপাদান যেমন কেঁচো ইত্যাদির সংখ্যা বজায় রাখতে হবে।

### ৩.৩ কী ধরনের মাটি ধান চাষের পক্ষে ভালো?

উঃ যে মাটির জল ধারণ ক্ষমতা বেশি সেই মাটিতে ধান চাষ ভালো হয়। যেমনঃ এঁটেল মাটি ও দোয়াশ মাটি।

৪ দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও

### পুকুরের জল পরিষ্কার রাখতে কি কি নিষেধাজ্ঞা জারী করা উচিত?

উঃ পুকুরের জল পরিষ্কার রাখতে যে যে নিষেধাজ্ঞা জারী করতে হবে তা হল-

(i) পুকুরের জলে কাপড় কাঁচা ও বাসন মাজা যাবে না।

(ii) পুকুরের জলে ময়লা আবর্জনা, প্লাস্টিক ফেলা যাবে না।

(iii) পুকুরের সঙ্গে কোনো ময়লা জলের ড্রেন যুক্ত করা যাবে না।

[www.somadhan.info](http://www.somadhan.info)